



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৪৩.১৩১.২০১৬- ৬৪৭

তারিখ: ২৪/০৪/২০২২খ্রি.

অফিস আদেশ

'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৮' এর আলোকে সদ্য সরকারিকৃত গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলাধীন কালিগঞ্জ শ্রমিক কলেজের প্রাক্তন অধ্যক্ষ জনাব মোঃ ফেরদৌছ মিয়া গত ২৭/০৩/২০২২ তারিখ মৃত্যুবরণ করায় কলেজের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার স্বার্থে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের নিমিত্তে উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, গাজীপুর উক্ত কলেজের জ্যেষ্ঠ শিক্ষকের নামের তালিকা প্রেরণ করেছেন। প্রেরিত তালিকা মোতাবেক কলেজের জ্যেষ্ঠতম শিক্ষক বিবেচনায় চৌধুরী মোঃ মিজানুর রহমান (ইনঃ ০১৩৬১৬), সহকারী অধ্যাপক (পদার্থবিদ্যা)-কে পরবর্তী অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদায়ন না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৭/০৮/২০১৮ তারিখের নং-৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী কলেজের আর্থিক বিষয়সহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার এবং অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(লোকমান হোসেন-১৭৩৯৪)  
সহকারী পরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০১১৭

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৪৩.১৩১.২০১৬- ৬৪৭

তারিখ: ২৪/০৪/২০২২খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ০৪। জেলা প্রশাসক -----;
- ০৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ০৭। জনাব মোঃ মিজানুর রহমান (ইনঃ ০১৩৬১৬), কালিগঞ্জ শ্রমিক কলেজে, কালিগঞ্জ, গাজীপুর;
- ০৮। সংশ্লিষ্ট ব্যাংকের ম্যানেজার-----;
- ০৯। সংরক্ষণ নথি।